

স্মারক নং-৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.০৮-৮৯৯(৭২)

পরিপত্র

বিষয়ঃ- নামজারি, জমাভাগ ও জমা একত্রিকরণের নিমিত্ত The SA & T Act, 1950 এর ১১৭ (৩) উপধারার প্রয়োগ নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, The State Acquisition and Tenancy Act, 1950 (Act No XXVIII of 1951) এর ১১৬, ১১৭ ও ১৪৩ ধারার বিধানমতে নামজারি, জমাভাগ ও জমা একত্রিকরণ কার্যক্রম সম্পাদিত হয়। এ বিষয়ে The SA & T Act, 1950 এর ১১৭(৩) উপধারায় সুস্পষ্টভাবে উল্লেখ আছে ;

“When an order under sub-section (1) has been passed subdividing a joint holding, such subdivision may be demarcated on the ground and also shown on the cadastral survey map.”

কিন্তু সম্পত্তি লক্ষ্য করা যাচ্ছে যে, নামজারি, জমাভাগ ও জমা একত্রিকরণের কোনো কোনো ক্ষেত্রে The SA & T Act, 1950 এর ১১৭(৩) উপধারামতে নামজারির সময়ে cadastral survey map সংশোধন করতঃ সংশোধিত অংশ প্রদর্শনপূর্বক এর চিটা নক্সা (parcel map) সংশ্লিষ্ট নামজারি মোকদ্দমার নথির সাথে সংযুক্ত করা হচ্ছে না, যা একটি অনিয়ম এবং আইন পরিপন্থী।

০২। এমতাবস্থায়, নামজারি, জমাভাগ ও জমা একত্রিকরণের মামলা নিষ্পত্তির ক্ষেত্রে The SA & T Act, 1950 এর ১১৭(৩) উপধারা মতে cadastral survey map সংশোধন করতঃ নামজারি, জমাভাগ ও জমা একত্রিকরণের মোকদ্দমায় সংশ্লিষ্ট জমি চিটা নক্সায় প্রদর্শন এবং সংশ্লিষ্ট মোকদ্দমার নথির সাথে সংযুক্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য যে, e-mutation এর ক্ষেত্রেও উক্ত [The SA & T Act, 1950 এর ১১৭(৩)] উপধারার প্রয়োগ বাঞ্ছনীয়।

স্বাক্ষরিত/-
(মোঃ আব্দুল জলিল)
সচিব

বিভাগীয় কমিশনার
..... (সকল)

জেলা প্রশাসক
..... (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ২য় ১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়(প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-১২০৮ (পরিপত্রটি বাংলাদেশ গেজেটের পরবর্তী/বিশেষ সংখ্যায় দ্রুত প্রকাশের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), (সকল)।
- ৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (পরিপত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

বিতরণ :

- ১। অতিরিক্ত সচিব,(সকল), ভূমি মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব, (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
- ৪। উপসচিব, (সকল), ভূমি মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব,..... (সকল), ভূমি মন্ত্রণালয়।

১৪/১১/২০১৭
(মোঃ মাহমুদ হোসান)
উপসচিব
ফোন-৯৫৪০১২৫